

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার,

ঢাকা-১২১৫।

www.dot.gov.bd



স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৪.১৮.১২১.২২.১২৯২

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯

০৪ অক্টোবর ২০২২

বিষয়: তৈরী পোষাক(নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস) উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১৮৩৩, তারিখঃ ০২/১০/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স ছিনথাই এপ্যারেলস লিমিটেড, অফিস ও কারখানাঃ এম এম টাওয়ার, জিরানী, বি.কে.এস.পি, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি “তৈরী পোষাক(নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস) উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- পরিঃ/কম্পোঃ-০০০০০৪২২-১৯, তারিখ-১৬-০৫-২০১৯ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় ঢাকা কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং-RJ-XT08/2022, তারিখ- 20/09/2022 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং-OOLU8891886800, তারিখ-26/09/22 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- 35,350.00 ইউরো দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ এম এম টাওয়ার, জিরানী, বি.কে.এস.পি, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

(ক) বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।

(খ) প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ উত্তর নরসিংপুর, কাশিপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ এলাকায় স্থাপন করতে হবে।

(গ) উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।

১০-১০-২০২২

মোঃ আব্দুস সালাম

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক


আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৪.১৮.১২১.২২.১২৯২/১

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯
০৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিশনার, কাষ্টমস হাউজ, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ছিনথাই এপ্যারেলস লিমিটেড, অফিস ও কারখানাঃ এম এম টাওয়ার, জিরানী, বি.কে.এস.পি, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৩) সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বন্দ্র অধিদপ্তর
- ৪) লাইব্রেরিয়ান, সহকারী পরিচালক (প্রশাসন), বন্দ্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)



১০-১০-২০২২

মোঃ মনিরুল ইসলাম
সহকারী পরিচালক